দৈনিক বাংলা

তারিখ 15 MAY 1987

পৃষ্ঠা 1 কলাম 2

৩১শে বৈশাখ, ১৩৯৪

# ভার্সিটির অন্ধ ছাত্রদের সমাজে প্রতিষ্ঠার ব্যবস্থা হবে ঃ এরশাদ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্ধ ছাত্র কল্যাণ সমিতির সদস্যরা বৃহস্পতিবার প্রেসিডেন্টের সচিবালয়ে প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের সঙ্গে সাক্ষাৎ করেন।

সমিতির সদস্যদের অধিকাংশই ইতিমধ্যে তাদের বিশ্ববিদ্যালয় শিক্ষা সমাপ্ত করেছেন। তারা এখন সমাজে পুনর্বাসিত হওয়ার অপেক্ষা করছেন।

তারা যাতে দেশের উন্নয়ন প্রচেষ্টায় অর্থবহ অবদান রাখতে পারেন, সেজন্য তারা সুযোগ-সুবিধাসহ তাদের জীবনধারণের প্রয়োজনীয় ব্যবস্থা করতে প্রেসি

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## এরশাদ

(১-এর পৃঃ পর)

ডেন্টকে অনুরোধ জানান।

প্রেসিডেন্ট বিশ্ববিদ্যালয়ের অন্ধ ছাত্রদের বলেন যে, সমাজে তাদের সঠিক স্থানে প্রতিষ্ঠিত করতে আইনগত ও অন্যান্য বাধা অপসরণের পদক্ষেপ গ্রহণ করা হবে।

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান এ সময় সেখানে উপস্থিত ছিলেন। খবর বাসস।